গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা

এবং

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মহান জাতীয় সংসদ কর্তৃক পাশকৃত ২০২১ সালের ৬ নং আইন অনুযায়ী শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা দেশের ৫ম মেডিকেল বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) কর্তৃক প্রাথমিক কার্যক্রম শুরু করার জন্য বিভিন্ন পদের বিপরীতে জনবল নিয়োগের অনুমোদন প্রদান করলে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুমোদন সাপেক্ষে বিশ্ববিদ্যালয় উক্ত জনবল নিয়োগের মাধ্যমে তার নিয়মিত কার্যক্রম শুরু করে। বিগত তিন বছরে বিশ্ববিদ্যালয় যথাযথ প্রক্রিয়া অনুসারে সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, প্রথম সংবিধি, অধিভুক্তিকরণ নীতিমালা, কর্মকর্তা কর্মচারী নিয়োগের এম পি কিউ, পরীক্ষা পরিচালনা নীতিমালা প্রণয়ন কমিটি, কলেজ পরিদর্শন কমিটি, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ কমিটি, ইত্যাদি গঠন করেছে। ইতোমধ্যে খুলনা বিভাগের ৯ টি মেডিকেল কলেজ, এবং ৭ টি নার্সিং কলেজ অত্র বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত হয়েছে। এম বি বি এস, বি এস সি ইন নার্সিং এবং বি এস সি ইন মিডওয়াইফারি এর নিয়মিত পরীক্ষা অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক যথাযথভাবে সম্পাদিত হচ্ছে। অধিভুক্তিকরণ, কোর্স অনুমোদন, কোর্স নবায়ন, আসন সংখ্যা বৃদ্ধি, পরীক্ষা কেন্দ্র নির্বাচনের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক দপ্তর হতে নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশের মানোন্নয়ন, পর্যাপ্ত সংখ্যক শিক্ষক নিয়োগ এবং শিক্ষার্থীদের গবেষণা ও স্বাস্থ্যসেবা কার্যক্রমের সম্প্রসারণের জন্য নিয়মিত পরামর্শদান, তাগিদপ্রদান এবং মূল্যায়ন এর জন্য বিশ্ববিদ্যালয় কাজ করে আসছে। বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার ১ নং জলমা ইউনিয়নের লবনচরা থানা সংলগ্ন এলাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য সম্ভাব্যতা সমীক্ষা যাচাই প্রকল্প ইতোমধ্যে সফলতার সাথে শেষ হয়েছে। বর্তমানে প্রস্তাবিত মাস্টারপ্ল্যান অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের জন্য ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন ও মৌলিক অবকাঠামোসমূহ স্থাপনের জন্য প্রণীত প্রথম প্রকল্প গত ৯ মে ২০২৪ খ্রি তারিখ এ একনেক সভায় অনুমোদিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম শুরু করা অন্যতম বড় চ্যালেঞ্জ।
বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস না থাকায় ও প্রয়োজনীয় জনবল অনুমোদন না পাওয়ায় বি এস সি ইন নার্সিং ও এম এস সি ইন নার্সিং এর জন্য ছাত্রছাত্রী ভর্তি কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না।
এছাড়াও ভাড়াকৃত ব্যাক্তিমালিকানাধীন ভবনে অস্থায়ী ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু কার্যক্রম পরিচালনা করতে অসুবিধা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা স্থাপনের জন্য প্রকল্পের আওতায় দ্রুততম সময়ে প্রস্তাবিত জমি অধিগ্রহণ, অতি প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নির্মাণ এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু করা। এতদাঞ্চলের স্বাস্থ্য শিক্ষার মানোন্নয়ন, উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণ, স্বাস্থ্য শিক্ষায় গবেষণা ও উদ্ভাবন এর মাধ্যমে বাংলাদেশের অন্যতম বিদ্যাপীঠ হিসেবে প্রতিষ্ঠিত করার পরিকল্পনা রয়েছে। অত্যাধুনিক হাসপাতাল নির্মানের মাধ্যমে স্বাস্থ্যসেবার দৃষ্টান্ত স্থাপন করতঃ এ অঞ্চলের অতিমারি, মহামারী ও উপকূলীয় রোগ প্রতিরোধ ও প্রতিকার এর ব্যবস্থা করার পরিকল্পনা অত্র বিশ্ববিদ্যালয়ের রয়েছে। বিমকের আর্থিক অনুদান প্রাপ্তি সাপেক্ষে অধিভুক্ত কলেজসমূহে শিক্ষকদের গবেষণা কার্যক্রম পরিচালনায় অনুদান প্রদানের পরিকল্পনা রয়েছে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিশ্ববিদ্যালয়ের জন্য প্রণীত প্রথম প্রকল্পের মাধ্যমে ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা।
- বিশ্ববিদ্যালয়ের দপ্তরসমূহের চলমান কার্যক্রম অটোমেশনের আওতায় আনা।
- বিশ্ববিদ্যালয়ের জন্য অর্গানোগ্রাম সহ, অন্যান্য বিধিমালা প্রণয়ন করা।
- বিমক কর্তৃক অনুমোদিত শুন্য পদে নিয়োগ প্রদান করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা

এবং

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দেশের চিকিৎসা ক্ষেত্রে উচ্চ শিক্ষা, গবেষণা ও সেবার মান এবং সুযোগ-সুবিধা সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনাকে দেশের অন্যতম নেতৃত্বদানকারী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পরিণত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তি এবং চিকিৎসার সাথে সম্পর্কযুক্ত বিষয়সমূহে স্নাতক ও স্নাতকোত্তর অধ্যয়নের- বিশেষ করে শিক্ষা, গবেষণা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা।

দক্ষিনাঞ্চলের মানুষের সুস্বাস্থ্যের লক্ষ্যে চিকিৎসা বিজ্ঞানের অধিক্ষেত্রসমূহে গবেষণা পরিচালনা করা।

সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মানোন্নয়ন নিশ্চিত করার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত হাসপাতালে আধুনিক ও বিশ্বমানের চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন ও নিশ্চিতকরণ

২. উচ্চশিক্ষার সম্প্রসারণ ( একাডেমিক ব্যবস্থাপনা ও অবকাঠামোগত সুযোগ-সুবিধা)

৩. উচ্চশিক্ষার আন্তর্জাতিকীকরণ (কোলাবোরেশন/কো-অপারেশন)

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১) শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা এর স্থায়ী ক্যাম্পাসের জমি অধিগ্রহণ ও অবকাঠামো নির্মানের জন্য প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ।

২. ২) অধিভুক্ত সরকারি, বেসরকারি মেডিকেল কলেজ ও নার্সিং কলেজসমূহের শিক্ষার পরিবেশ উন্নয়নে, শিক্ষকগণের দক্ষতা উন্নয়নে, শিক্ষার মান উন্নয়নে পরামর্শমূলক কার্যক্রম, তদারকি, ও মুল্যায়ন জোরদারকরণ।

৩. ৩) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কার্যক্রমের গতিশীলতা ও দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়নের জন্য দপ্তরসমূহের চাহিদামাফিক অর্থবরাদ্দকরণ ও প্রস্তাবনাসমূহ বাস্তবায়ন।

৪. ৪) বিশ্ববিদ্যালয়ের জন্য যথোপযুক্ত, সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ আইন, বিধি, সংবিধি প্রনয়ণকরণ।

৫. ৫) বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ, কর্মশালা আয়োজন।

৬. ৬) বাংলাদেশ সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেবাদান প্রতিশ্রুতিসমূহ ডিজিটাইজেশনকরণ।

৭. ৭) দেশীয় ও বৈদেশিক বিভিন্ন মেডিকেল শিক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্থাপন।

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বিশ্ববিদ্যালয়ের অর্গানোগ্রাম তৈরী | অর্গানোগ্রাম খসড়া প্রস্তুতকরণ | তারিখ | | | ৩১-০৩-২০২৫ | | | বিমক ও শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | রেজিস্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| প্রশাসনিক কর্মকান্ডে গতিশীলতা আনয়ন | জনবল নিয়োগ | তারিখ | | | ৩১-১২-২০২৪ | ৩০-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৭ | বিমক ও শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | রেজিস্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের আবশ্যকীয় বিষয়ে সিদ্ধান্ত অনুমোদনকরণ | সিন্ডিকেট (তিনটি)/একাডেমিক কাউন্সিল (দুইটি) | টি | | | ৫ | ৫ | ৬ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | রেজিস্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস স্থাপনের অগ্রগতি | ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহন | % | | | ১০ | ৫০ | ১০০ | খুলনা জেলা প্রশাসন ও শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের দাপ্তরিক জ্ঞান বৃদ্ধির সুযোগ তৈরী | বই ও জার্নাল ক্রয় | টি | | | ২৫ | ৩০ | ৪০ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহের একাডেমিক কার্যক্রম সম্পাদন | পরীক্ষা আরম্ভ/ফলাফল প্রকাশ | টি | | | ৬ | ৬ | ৬ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিকেল কলেজসমূহের কার্যক্রম সচল রাখা | মেডিকেল কলেজ এর অধিভূক্তি নবায়ন | % | | | ৮০ | ৯০ | ১০০ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত নার্সিং কলেজসমূহের কার্যক্রম সচল রাখা | নার্সিং কলেজ এর অধিভুক্তি নবায়ন | % | | | ৮০ | ৯০ | ১০০ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| অধিভুক্ত প্রতিষ্ঠানের পরীক্ষা অনুষ্ঠান | পরীক্ষা কেন্দ্র নির্বাচনের জন্য পরিদর্শন | টি | | | ২ | ৩ | ৫ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| অধিভুক্ত প্রতিষ্ঠানের কোর্স নবায়নকরণ | কোর্স নবায়নের জন্য পরিদর্শন | টি | | | ২৩ | ২৫ | ২৫ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা উন্নয়ন | প্রশিক্ষণ(দেশী-বিদেশি) (টিচিং-লার্নিং/প্রফেশনাল ডেভেলপমেন্ট/প্রকল্প ব্যবস্থাপনা/ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা/আইসিটি/সফট স্কিল ইত্যাদি | জন | | | ১২ | ১৫ | ১৮ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| শিক্ষকগণের একাডেমিক ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন | দেশি-বিদেশি কনফারেন্স/সেমিনার/কর্মশালা (টিচিং-লার্নিং/রিসার্চ ইত্যাদি | দিন | | | ২ | ২ | ৩ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থা জোরদারকরন | আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা | দিন | | | ২ | ৩ | ৩ | শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |
| আন্তঃ সহযোগীতা বৃদ্ধি | বিশ্ববিদ্যালয়- বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়-গবেষণা প্রতিষ্ঠান সমঝোতা স্মারক ও কার্যক্রম (জাতীয়-আন্তর্জাতিক) | টি | | | ২ | ২ | ৩ | স্বাস্থ্যশিক্ষা ও স্বাস্থ্যসেবা কেন্দ্রীক প্রতিষ্ঠান ও শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | রেজিষ্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন ও নিশ্চিতকরণ | ৪০ | [১.১] একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন | [১.১.১] পরীক্ষা আরম্ভ | সমষ্টি | টি | ৫ | | | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| | | [১.২] অধিভুক্ত প্রতিষ্ঠান নবায়ন | [১.২.১] মেডিকেল কলেজ এর কোর্স নবায়ন | সমষ্টি | % | ৫ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ১০০ |
| | | | [১.২.২] নার্সিং কলেজ এর কোর্স নবায়ন | সমষ্টি | % | ৫ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ১০০ |
| | | [১.৩] অধিভুক্ত প্রতিষ্ঠান পরিদর্শন | [১.৩.১] পরীক্ষা কেন্দ্র নির্বাচনের জন্য পরিদর্শন | সমষ্টি | টি | ৫ | | | ২ | ১ | ০ | ০ | ০ | ১৪ | ১৫ |
| | | | [১.৩.২] কোর্স নবায়নের জন্য পরিদর্শন | সমষ্টি | টি | ৫ | | | ২৩ | ২১ | ১৮ | ১৫ | ১২ | ২৫ | ২৫ |
| | | [১.৪] সক্ষমতা বৃদ্ধির জন্য শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা,কনফারেন্স ইত্যাদি আয়োজন | [১.৪.১] প্রশিক্ষণ(দেশী-বিদেশি) প্রফেশনাল ডেভেলপমেন্ট/প্রকল্প ব্যবস্থাপনা/ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা/আইসিটি/সফট স্কিল ইত্যাদি | সমষ্টি | জন | ৫ | | | ১২ | ১০ | ৮ | ৭ | ৫ | ১৫ | ১৮ |
| | | | [১.৪.২] দেশি-বিদেশি কনফারেন্স/সেমিনার/কর্মশালা (টিচিং-লার্নিং) ইত্যাদি | সমষ্টি | দিন | ৫ | | | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| | | [১.৫] এপিএ প্রমাণক সংরক্ষণ ও ব্যবস্থাপণা বিষয়ক আবশ্যিক প্রশিক্ষণ/কর্মশালা | [১.৫.১] আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা | সমষ্টি | দিন | ৫ | | | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] উচ্চশিক্ষার সম্প্রসারণ ( একাডেমিক ব্যবস্থাপনা ও অবকাঠামোগত সুযোগ-সুবিধা) | ২৫ | [২.১] অর্গানোগ্রাম অনুমোদন | [২.১.১] অর্গানোগ্রাম খসড়া প্রস্তুতকরণ | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৩.২৫ | ১৫.০৪.২৫ | ৩০.০৪.২৫ | ১৫.০৫.২৫ | ৩১.০৫.২৫ | | |
| | | [২.২] অনুমোদিত পদে জনবল নিয়োগ | [২.২.১] জনবল নিয়োগ | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.১২.২৪ | ৩১.০১.২৫ | ২৮.০২.২৫ | ৩১.০৩.২৫ | ৩০.০৪.২৫ | ৩০.০৬.২৬ | ৩০.০৬.২৭ |
| | | [২.৩] সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ/আবশ্যকীয় কর্তৃপক্ষ-কমিটির কার্যক্রম | [২.৩.১] সিন্ডিকেট (৩ টি/একাডেমিক কাউন্সিল (২ টি) | ক্রমপুঞ্জিভূত | টি | ৫ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৬ |
| | | [২.৪] জমি অধিগ্রহন | [২.৪.১] ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহন | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | | | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ৫০ | ১০০ |
| | | [২.৫] লাইব্রেরি সুবিধা আধুনিকায়ন | [২.৫.১] বই ও জার্নাল ক্রয় | সমষ্টি | টি | ৫ | | | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৫ | ৩০ | ৪০ |
| [৩] উচ্চশিক্ষার আন্তর্জাতিকীকরণ (কোলাবোরেশন/কো-অপারেশন) | ৫ | [৩.১] কার্যকর সমঝোতা স্মারক/সহযোগিতা চুক্তি | [৩.১.১] বিশ্ববিদ্যালয়-বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়-গবেষণা প্রতিষ্ঠান সমঝোতা স্মারক ও কার্যক্রম (জাতীয়-আন্তর্জাতিক) | সমষ্টি | টি | ৫ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, রেজিস্ট্রার, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হিসাবে রেজিস্ট্রার, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................................

রেজিস্ট্রার
শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা

................................................................

তারিখ

................................................................

সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

................................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | পিপিআর | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা |
| ২ | পিপিএ | পাবলিক প্রকিউরমেন্ট আইন |
| ৩ | বিমক | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন | [১.১.১] পরীক্ষা আরম্ভ | পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ২) পরীক্ষা আরম্ভ/ফলাফল প্রকাশ এর নোটিশ |
| [১.২] অধিভুক্ত প্রতিষ্ঠান নবায়ন | [১.২.১] মেডিকেল কলেজ এর কোর্স নবায়ন | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) বিশ্ববিদ্যালয়ের নবায়ন স্মারক এবং কলেজ পরিদর্শন প্রতিবেদন |
| | [১.২.২] নার্সিং কলেজ এর কোর্স নবায়ন | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) বিশ্ববিদ্যালয়ের নবায়ন স্মারক এবং কলেজ পরিদর্শন প্রতিবেদন |
| [১.৩] অধিভুক্ত প্রতিষ্ঠান পরিদর্শন | [১.৩.১] পরীক্ষা কেন্দ্র নির্বাচনের জন্য পরিদর্শন | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) পরিদর্শন অফিস আদেশ ২) ছবি ৩) পরিদর্শন প্রতিবেদন |
| [১.৩] অধিভুক্ত প্রতিষ্ঠান পরিদর্শন | [১.৩.২] কোর্স নবায়নের জন্য পরিদর্শন | কলেজ পরিদর্শক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) পরিদর্শন অফিস আদেশ ২) ছবি ৩) পরিদর্শন প্রতিবেদন |
| [১.৪] সক্ষমতা বৃদ্ধির জন্য শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা,কনফারেন্স ইত্যাদি আয়োজন | [১.৪.১] প্রশিক্ষণ(দেশী-বিদেশি) প্রফেশনাল ডেভেলপমেন্ট/প্রকল্প ব্যবস্থাপনা/ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা/আইসিটি/সফট স্কিল ইত্যাদি | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) দাপ্তরিক পত্র/নোটিশ ২) উপস্থিতি ৩) ছবি / কর্মসুচী |
| | [১.৪.২] দেশি-বিদেশি কনফারেন্স/সেমিনার/কর্মশালা (টিচিং-লার্নিং) ইত্যাদি | পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১)দাপ্তরিক পত্র/নোটিশ ২) উপস্থিতি ৩) কর্মসূচি / ছবি |
| [১.৫] এপিএ প্রমাণক সংরক্ষণ ও ব্যবস্থাপণা বিষয়ক আবশ্যিক প্রশিক্ষণ/কর্মশালা | [১.৫.১] আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১)নোটিশ ২) হাজিরা ৩) কর্মসূচি/ছবি |
| [২.১] অর্গানোগ্রাম অনুমোদন | [২.১.১] অর্গানোগ্রাম খসড়া প্রস্তুতকরণ | রেজিষ্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) খসড়া অর্গানোগ্রাম |
| [২.২] অনুমোদিত পদে জনবল নিয়োগ | [২.২.১] জনবল নিয়োগ | রেজিষ্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) নিয়োগপত্র |
| [২.৩] সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ/আবশ্যকীয় কর্তৃপক্ষ-কমিটির কার্যক্রম | [২.৩.১] সিন্ডিকেট (৩ টি/একাডেমিক কাউন্সিল (২ টি) | রেজিষ্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) সভার নোটিশ/পত্র ২) সভার উপস্থিতি ৩) কার্যবিবরণী |
| [২.৪] জমি অধিগ্রহন | [২.৪.১] ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহন | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) স্থানীয় জেলা প্রশাসন অফিসের স্মারক |
| [২.৫] লাইব্রেরি সুবিধা আধুনিকায়ন | [২.৫.১] বই ও জার্নাল ক্রয় | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১) গ্রহণ রেজিস্টার ২) চুক্তিপত্র/কার্যাদেশ |
| [৩.১] কার্যকর সমঝোতা স্মারক/সহযোগিতা চুক্তি | [৩.১.১] বিশ্ববিদ্যালয়- বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়-গবেষণা প্রতিষ্ঠান সমঝোতা স্মারক ও কার্যক্রম (জাতীয়-আন্তর্জাতিক) | রেজিষ্ট্রারের দপ্তর, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা | ১)নোটিশ/অফিস আদেশ ২)স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) ৩)গৃহীত কার্যক্রমের বিবরণ (নোটিশ/দাপ্তরিক পত্র ও ছবিসহ) |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ